

স্মারক নম্বর: ২৫.০০.০০০০.০৪৯.৩২.০৮৩.৯৮ - ১৮

তারিখ: ২৫ চৈত্র ১৪৩০
০৮ এপ্রিল ২০২৪

বিষয়: তেজগাঁও শিল্প এলাকার প্লট নম্বর ২৪১ এর ১ বিঘা ১০ কাঠা জমির কোম্পানি উইংস অন টেক্সটাইল লিমিটেড এর পরিবর্তে 'ওমেরা স্টীলস লিমিটেড' নাম পরিবর্তনের ঘটনাগোত্রের অনুমতি।

সূত্র: জনাব এম. মুকুল হোসেন, প্রধান নির্বাহী কর্মকর্তা, ওমেরা স্টিলস্ লিমিটেড এর ০২-০৩-২০২৪ তারিখের আবেদনপত্র।

উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত আবেদনের পরিপ্রেক্ষিতে তেজগাঁও শিল্প এলাকার প্লট নম্বর ২৪১ এর ১ বিঘা ১০ কাঠা জমির কোম্পানি উইংস অন টেক্সটাইল লিমিটেড এর পরিবর্তে 'ওমেরা স্টীলস লিমিটেড' নাম পরিবর্তনের ঘটনাগোত্রের অনুমতি নিম্নোক্ত শর্তে নির্দেশক্রমে প্রদান করা হলো।

শর্তাদি:

- (১) এ আদেশ জারির ৬ মাসের মধ্যে রেজিস্টার্ড দলিলের মাধ্যমে 'ওমেরা স্টীলস লিমিটেড'-এর অনুকূলে আলোচ্য প্লটের 'ঘোষণাপত্র' দলিল সম্পাদন করতে হবে;
- (২) মূল লিজ দলিলের সকল ধারা, উপ-ধারা ও শর্তাদি এবং এ প্লট সংক্রান্ত আদেশের সকল শর্ত 'ওমেরা স্টীলস লিমিটেড'-এর উপর প্রযোজ্য হবে। 'ওমেরা স্টীলস লিমিটেড' তা মেনে চলতে বাধ্য থাকবে, 'ঘোষণাপত্র' দলিলে তা উল্লেখ করতে হবে;
- (৩) উইংস অন টেক্সটাইল লিমিটেড এর কোনো ব্যাংক বা আর্থিক প্রতিষ্ঠানের সকল ঋণ, দায়-দেনা, বায়না, পার্টনারশিপ ডিড, আমমোস্তারনামা (যদি থাকে) ইত্যাদি এবং মামলা সংক্রান্ত যে কোনো দায়-দায়িত্ব 'ওমেরা স্টীলস লিমিটেড'-এর উপর বর্তাবে;
- (৪) মাননীয় হাইকোর্ট বিভাগের স্যুয়ামোটো বুল নম্বর ৪০/২০১২ এবং এ প্লট/কোম্পানি সংক্রান্তে যে কোনো মামলার আদেশ 'ওমেরা স্টীলস লিমিটেড' মেনে নিতে বাধ্য থাকবে।

জনাব এম. মুকুল হোসেন
প্রধান নির্বাহী কর্মকর্তা
ওমেরা স্টিলস্ লিমিটেড
প্লট নম্বর - ২৪১
তেজগাঁও শিল্প এলাকা, ঢাকা।

১৪/১
(মোঃ জহিরুল ইসলাম খান)
যুগ্মসচিব
ফোন: ০২৫৫১০০৩৭৫
ই-মেইল: section14mohpw@gmail.com

স্মারক নম্বর: ২৫.০০.০০০০.০৪৯.৩২.০৮৩.৯৮ -

তারিখ: ২৫ চৈত্র ১৪৩০
০৮ এপ্রিল ২০২৪

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো:

- ১। প্রধান প্রকৌশলী, গণপূর্ত অধিদপ্তর, সেগুনবাগিচা, ঢাকা।
- ২। নির্বাহী প্রকৌশলী, ঢাকা গণপূর্ত বিভাগ-৩, সেগুনবাগিচা, ঢাকা।
- ৩। সহকারী কমিশনার (ভূমি), তেজগাঁও সার্কেল, রোড নং-৭২, বাড়ী নম্বর-৯, গুলশান-২, ঢাকা।
- ৪। সিস্টেম এনালিস্ট, আইসিটি শাখা, গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ৫। অফিস কপি/মাস্টার কপি।

১৪/১
(মোঃ জহিরুল ইসলাম খান)
যুগ্মসচিব